# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd


নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০২.২৪-৯০৭

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ / ৩১ আগস্ট ২০২৫

বিষয় : সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ

সূত্র: (১)সুপার, তেঘর বিশা ডি. এস দাখিল মাদ্রাসা, সদর, জয়পুরহাট কর্তৃক আবেদন, তারিখ: ১৬.০৮.২০২৫ খ্রি.
(২) ২০২৪ সালের দাখিল পরীক্ষার্থী মো: সিয়াম হোসেন কর্তৃক আবেদন, তারিখ: ১৭.০৮.২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন তেঘর বিশা ডি. এস দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: মোসলেম উদ্দীন ২০২৪ সালের পরীক্ষার্থী মো: মিনহাজ হোসেন, পিতা: মো: ফরিদ মন্ডল, মাতা: মোছা: মিনা বেগম এর সার্টিফিকেট ও ২০২৪ সালের দাখিল পরীক্ষার্থী মো: সিয়াম হোসেন এর নিজ সার্টিফিকেট বাতিল করার জন্য চেয়ারম্যান বরাবর আবেদন করেছেন। আবেদন পর্যালোচনা করে করে দেখা যায় যে, (১) মো: মিনহাজ হোসেন, রোল: ১৭২৫৩১, রেজিস্ট্রেশন নং-২১১২৮৪৫২৬২ (২) মো: সিয়াম হোসেন, রোল: ১৭২৫৩২, রেজিস্ট্রেশন নং-২১১২৮৪৫২৪৩। উল্লিখিত ০২ জন পরীক্ষার্থীর পরিবর্তে ২০২২-২৩ শিক্ষাবর্ষে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০২৪ সালের দাখিল পরীক্ষায় অন্য পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ৩.৭৫ ও ২.৯৪ পেয়ে উত্তীর্ণ হয়েছে মর্মে সুপার আবেদনে উল্লেখ করেন। উক্ত ০২ জন শিক্ষার্থীর মধ্যে ক্রমিক নং-১ এর শিক্ষার্থী ২০২৫ সালের কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি পরীক্ষা অংশগ্রহণ করেছে তা উল্লেখ করা হয়নি, তবে ক্রমিক নং-২ এর শিক্ষার্থী রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন দাদরা উচ্চ বিদ্যালয় থেকে ২০২৫ সালের এসএসসি পরীক্ষা অংশগ্রহণ করে ৩.৩৯ পেয়ে উত্তীর্ণ হয়েছে।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ সূত্রোক্ত আবেদনে উল্লিখিত সার্টিফিকেট বাতিল করার বিষয়ে প্রকৃত ঘটনা উদঘাটন জুরুরি মনে করে এবং দোষীদের চিহ্নিত করে এধরনের আরো পরীক্ষার্থী আছে কি-না তা অধিকতর যাচাইয়ের জন্য স্থানীয়ভাবে তদন্ত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, সূত্রোক্ত আবেদনে উল্লিখিত সার্টিফিকেট বাতিলের বিষয়ে মতামত, প্রকৃত দোষীদের চিহ্নিত করা এবং এধরনের আরো পরীক্ষার্থী আছে কি-না তা নির্ণয় করার নিমিত্ত সার্বিক বিষয়ে সরেজমিন তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (      ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩১.৮.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
সদর, জয়পুরহাট

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০২.২৪-৯০৭(৭)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩২ / ৩১ আগস্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, জয়পুরহাট;
২. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জয়পুরহাট;
৪. সভাপতি/সুপার, তেঘর বিশা ডি. এস দাখিল মাদ্রাসা, সদর, জয়পুরহাট;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৬. পি.ও. টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৭. অফিস কপি।

৩১/৮/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২-৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd